

■■ সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউভেশন)

হাদিস নাম্বারঃ ৬৫৫

৭/ আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ ১৭/ বৃষ্টির জন্য জামাআতে হাজির না হয়ে অন্যত্র সালাত আদায় করলে আযান দেয়া।

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، عَنْ مَالِكِ، عَنْ نَافِعِ، أَنَّ ابْنَ عُمَرَ، أَذَّنَ بِالصَّلاَةِ فِي لَيْلَةٍ ذَاتِ بَرْدٍ وَرِيحٍ فَقَالَ أَلاَ صَلُّوا فِي الرِّحَالِ فَإِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ يَأْمُرُ الْمُؤَذِّنَ إِذَا كَانَتْ لَيْلَةٌ بَارِدَةٌ ذَاتُ مَطَرٍ يَقُولُ أَلاَ صَلُّوا فِي الرِّحَالِ.

বাংলা

৬৫৫। কুতায়বা (রহঃ) ... নাফে (রহঃ) থেকে বর্ণিত। আব্দুল্লাহ ইবনু উমর (রাঃ) এক রাতে সালাতের জন্য আযান দেন। সে রাত্রে খুব ঠাণ্ডা পড়েছিল ও প্রচণ্ড বাতাস বইছিল। তিনি আযানে বলেনঃ الأصَلُوا فِي الرِّحَالِ সকলেই আপন আপন স্থানে সালাত আদায় করে নিন। কেননা ঠাণ্ডা ও বৃষ্টির রাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুয়াযযিনকে এই কথা ঘোষণা করতে নির্দেশ দিতেন যে, সকলেই আপন আপন স্থানে সালাত আদায় করে নিন।

English

It was narrated from Nafi' that Ibn 'Umar gave a call to prayer on a cold and windy night, and he said:

"Pray where you are, for the Prophet (ﷺ) used to order the Mu'adhdhin, if it was a cold and rainy night, to say: 'Pray in your dwellings.'"

ফুটনোট

সহিহ, ইরউয়াউল গালীল হাঃ ৫৫৩, বুখারি হাঃ ৬৬৬, মুসলিম (ইসলামিক সেন্টার) হাঃ ১৪৭৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন